**সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর**
**ঢাকা সেনানিবাস**

## বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কুয়েত ডেপুটেশনে (ওকেপি-১১) সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে পদের অনুকূলে নিয়োগের বিজ্ঞপ্তি

১। বাংলাদেশ সেনাবাহিনীর তত্ত্বাবধানে কুয়েতে ডেপুটেশন (ওকেপি-১১) এ নিয়োজিত বাংলাদেশ কন্টিনজেন্টের সাথে কাজ করার নিমিত্তে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নিম্নবর্ণিত পদে নিয়োগের জন্য প্রকৃত বাংলাদেশী বিবাহিত/অবিবাহিত নাগরিকদের (পুরুষ) নিকট হতে দরখাস্ত আহবান করা হচ্ছেঃ

| পদের নাম ও সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা | বয়স | শারীরিক যোগ্যতা | বেতন, ভাতা ও অন্যান্য সুবিধা |
|---|---|---|---|---|
| General Practitioner-19 (Male Candidates Only) | ক। স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ এবং বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত।<br>খ। ইন্টার্নশীপ সম্পন্ন করার পর ন্যূনতম ০৩ (তিন) বৎসর অতিক্রান্ত হতে হবে।<br>গ। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে আরবি ভাষা কোর্স সম্পন্ন/কোর্সে অংশগ্রহণরত ও আরবি ভাষা জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | ৩০ আগস্ট ২০২৬ তারিখে অনুর্ধ্ব ৫০ বছর | ক। উচ্চতা সর্বনিম্ন ৫'-৪''<br>খ। স্থূলতা বর্জিত।<br>গ। সম্মিলিত সামরিক হাসপাতালে ডাক্তারী পরীক্ষায় যোগ্য হতে হবে। | **পদমর্যাদাঃ** মেজর (কুয়েত আর্মি)।<br>**বেতন ও ভাতা (মাসিক)ঃ**<br>১। **মুল বেতনঃ** ১০৩০ কেডি (১ কেডি=৩৯৭ টাকা প্রায়)।<br>২। **আমিরি অনুদানঃ** ৫০ কেডি/মাসিক<br>৩। **রিওয়ার্ড ভাতাঃ** প্রতি বছরের জন্য ১.৫ মাসের মূল বেতনের সমপরিমাণ অর্থ (প্রেষণ শেষে) এককালীন প্রদান করা হবে।<br>৪। **বাড়ীভাড়া ভাতাঃ**<br>ক। বিবাহিতঃ ৪০০ কেডি (পরিবার গমনের পর হতে প্রাপ্য হবে)।<br>খ। অবিবাহিতঃ ৩০০ কেডি<br>**অন্যান্য সুবিধাঃ**<br>১। **ছুটিঃ**<br>ক। বাৎসরিক ছুটিঃ প্রতি ক্যালেন্ডার বৎসরে ৪০ দিন।<br>খ। ইমার্জেন্সী ছুটিঃ প্রেষণে নিয়োগকালীন সর্বোচ্চ ২০ দিন।<br>গ। ওমরা ছুটিঃ প্রেষণে নিয়োগকালীন সর্বমোট ২০ দিন।<br>২। **বিমান টিকিটঃ**<br>ক। **ঢাকা-কুয়েতঃ** প্রেষণে যোগদানকালীন এবং প্রেষণ শেষে (ফেরত) নিজ এবং পরিবারের জন্য বিমান ভাড়া কুয়েত কর্তৃপক্ষ বহন করবে।<br>খ। **কুয়েত-ঢাকা-কুয়েতঃ** বাৎসরিক ছুটি সাপেক্ষে নিজ এবং পরিবারের জন্য প্রতি ক্যালেন্ডার বৎসরে একবার। |
| Specialist-7 (1x Medicine, 1x Orthopedic, 2x Skin Specialist, 2x Cardiologist, 1x Physical Medicine)<br><br>(Male Candidates Only) | ক। স্বীকৃত মেডিকেল কলেজ হতে এমবিবিএস পাশ।<br>খ। সংশ্লিষ্ট বিষয়ে এফসিপিএস/এমএস/ এমডি/ ডিপ্লোমা সম্পন্নকৃত এবং বিএমএন্ডডিসি কর্তৃক স্বীকৃত।<br>গ। সরকার কর্তৃক স্বীকৃত বিশ্ববিদ্যালয়/প্রতিষ্ঠান হতে আরবি ভাষা কোর্স সম্পন্ন/কোর্সে অংশগ্রহণরত ও আরবি ভাষা জ্ঞান সম্পন্ন প্রার্থীকে অগ্রাধিকার দেয়া হবে। | | | |

২। **ভর্তির আবেদন এবং পরীক্ষার নিয়মাবলীঃ**

ক। অনলাইনে আবেদনের তারিখ ঃ ১৫ মে ২০২৬ হতে ২০ মে ২০২৬ পর্যন্ত https://www.afmibd.net এই Website এ আবেদন করা যাবে (আবেদন সংক্রান্ত নীতিমালা এএফএমআই এর ওয়েবসাইটে বিস্তারিত দেয়া আছে)। উল্লেখ্য, অনলাইনে আবেদনের ক্ষেত্রে কোন জটিলতা দেখা দিলে সশরীরে আর্মড ফোর্সেস মেডিকেল ইনস্টিটিউট (এএফএমআই), ঢাকা সেনানিবাসে এসে আবেদন করা যাবে।

খ। প্রবেশপত্র সংগ্রহের তারিখঃ ২০ মে ২০২৬ হতে ২১ মে ২০২৬ পর্যন্ত। (এএফএমআই ওয়েবসাইট থেকে প্রবেশপত্র ডাউনলোড করতে হবে)।

গ। আবেদন ফি ৩,০০০.০০ (তিন হাজার) টাকা (অফেরতযোগ্য)।

ঘ। MCQ পদ্ধতিতে ০১ (এক) ঘন্টা ৪০ (চল্লিশ) মিনিট ব্যাপী ১০০ (একশত) নম্বরের লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

ঙ। পরীক্ষার তারিখ ও সময়ঃ আগামী ২২ মে ২০২৬ তারিখ ১০০০-১১৪০ ঘটিকা পর্যন্ত লিখিত পরীক্ষা **বীর বিক্রম শহীদ রমিজ উদ্দিন ক্যান্টনমেন্ট কলেজ, ঢাকা সেনানিবাসে** অনুষ্ঠিত হবে।

চ। লিখিত পরীক্ষায় প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মৌখিক, ব্যবহারিক এবং প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষার জন্য প্রাথমিকভাবে নির্বাচিত প্রার্থীগণের তালিকা ২২ মে ২০২৬ তারিখে এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ছ। মৌখিক, ব্যবহারিক এবং প্রাথমিক স্বাস্থ্য পরীক্ষা আগামী ২৩-২৪ মে ২০২৬ তারিখে এএফএমআই, ঢাকা সেনানিবাসে সকাল ০৯০০ ঘটিকা হতে অনুষ্ঠিত হবে।

জ। মৌখিক ও ব্যবহারিক পরীক্ষায় চূড়ান্তভাবে নির্বাচিত প্রার্থীদের তালিকা (চূড়ান্ত মেডিকেল ব্যতীত) সেনাসদর, এজি'র শাখা (চিকিৎসা পরিদপ্তর) কর্তৃক অনুমোদন স্বাপেক্ষে ২৪ মে ২০২৬ তারিখে এএফএমআই এর ওয়েব সাইটে প্রকাশ করা হবে।

ঝ। নির্বাচিত প্রার্থীগণ নিরাপত্তা ছাড়পত্র প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্তভাবে নিয়োগপ্রাপ্ত হবেন।

৩। **নিয়োগের অন্যান্য শর্তাবলীঃ**

ক। আবেদনকারীকে অবশ্যই প্রকৃত বাংলাদেশী নাগরিক হতে হবে। উল্লেখ্য, বিভিন্ন সংস্থায় সরকারী চাকুরীরত ব্যক্তিবর্গ আবেদনের জন্য অযোগ্য বিবেচিত হবে।

খ। চুক্তিভিত্তিক নিয়োগের সময়কাল সর্বোচ্চ ০৩ (তিন) বৎসর। নিয়োগকালে চিকিৎসা ও সামরিক পোষাক বিনামূল্যে প্রাপ্য হবেন এবং ওকেপি (অপারেশন কুয়েত পূর্ণগঠন) এর অন্যান্য সকল শর্তাবলী এ নিয়োগের জন্য প্রযোজ্য হবে। দায়িত্ব পালন শেষে বাংলাদেশে প্রত্যাবর্তনের সাথে সাথে অস্থায়ী নিয়োগ হতে অব্যাহতি দেয়া হবে এবং প্রেষণে নিয়োজিত সময়ের জন্য অন্য কোন ভাতা ও সুযোগ সুবিধা পরবর্তীতে প্রাপ্য হবেন না।

গ। সেনাসদরের বিদ্যমান নীতিমালার আলোকে কুয়েতে নিয়োগের জন্য সামরিক/বেসামরিক ব্যক্তিবর্গকে পদবী অনুযায়ী নির্ধারিত হারে কুয়েত গমনের পূর্বে এককালীন সার্ভিস চার্জ (অফেরতযোগ্য) প্রদান করতে হবে। এছাড়া কুয়েত গমনের ন্যূনতম ০৬ মাসের মধ্যে ০২ মাসের বেতন সিকিউরিটি মানি হিসেবে জমা করতে হবে, যা কুয়েত হতে প্রত্যাবর্তনের পর সার্ভিস চার্জ ও আনুষঙ্গিক খরচ কর্তন করত ফেরত প্রদান করা হবে।

ঘ। সেনাসদর ও বাংলাদেশ সরকার এর বিদ্যমান নীতিমালার আলোকে কুয়েতে নিয়োগপ্রাপ্ত প্রত্যেক সদস্যের বেতন হতে প্রতিমাসে ১০% সরকারী কর্তন প্রযোজ্য।

ঙ। ৩০ আগস্ট ২০২৬ তারিখ আবেদনকারীর নির্ধারিত বয়সসীমা ৫০ বৎসর এর মধ্যে থাকতে হবে। বয়সের ক্ষেত্রে কোন এফিডেভিট গ্রহণযোগ্য নয়।

চ। যে কোন প্রতিষ্ঠানে চাকুরীরত প্রার্থীদের উপরোক্ত শর্তাবলী অনুসরণ পূর্বক যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণের মাধ্যমে নির্ধারিত সময়ের মধ্যে আবেদন প্রেরণ করতে হবে। উল্লেখ্য সরকারি চাকুরীরত অথবা চাকুরী হতে অপসারিত/বরখাস্ত ব্যক্তি আবেদনের জন্য অযোগ্য বিবেচিত হবে।

ছ। অসম্পূর্ণ এবং ত্রুটিপূর্ণ আবেদন বাতিল বলে গণ্য হবে। যেকোনো আবেদন বাতিল এবং সংরক্ষণে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চুড়ান্ত বলে গণ্য হবে।

জ। আদালত কর্তৃক কোন শাস্তিপ্রাপ্ত হলে/মামলা অনিস্পন্ন থাকলে অযোগ্য বিবেচিত হবেন।

ঝ। চুড়ান্ত নির্বাচনকালীন সকল শিক্ষাগত যোগ্যতা এবং অভিজ্ঞতা সনদপত্রের মূল কপি প্রদর্শন করতে হবে।

ঞ। চূড়ান্ত নির্বাচিত প্রার্থীদেরকে কুয়েতে মোতায়নের পূর্বে প্রয়োজনীয় প্রশিক্ষণ প্রদান করা হবে।

ট। নির্বাচিত প্রার্থীগণকে আগামী আগস্ট/সেপ্টেম্বর মাস (কুয়েত কর্তৃক চুড়ান্ত তারিখ নির্ধারণের পর) এর মধ্যে মিশন এলাকায় মোতায়েনের জন্য প্রস্তুত থাকতে হবে।

ঠ। নির্বাচিত প্রার্থীদের ভিসা প্রাপ্তি স্বাপেক্ষে নিয়োগ চূড়ান্ত বলে বিবেচিত হবে।

ড। শুধুমাত্র কুয়েতে মোতায়েন থাকাকালীন কুয়েত আর্মির মেজর র‌্যাংক পরিধান/ব্যবহার করা যাবে।

ঢ। মোতায়েন কালীন সময়ে কুয়েত ও বাংলাদেশ সেনাবাহিনীর প্রচলিত আইন বিদ্যমান হবে।

৪। ভর্তি সংক্রান্ত যে কোন বিষয়ে ভর্তি কমিটির সিদ্ধান্তই চূড়ান্ত বলে বিবেচিত হবে।

Rahman

ব্রিগেডিয়ার জেনারেল
উপ-মহাপরিচালক
সামরিক চিকিৎসা সার্ভিস মহাপরিদপ্তর